

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৪৪.৮০-৩৮৮

তারিখ : ২৩ কার্তিক ১৪৩০
০৮ নভেম্বর ২০২৩

বিষয় : জামালপুর জেলার সদর উপজেলার ৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুর রশিদ এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগের সিনিয়র সহকারী সচিব ও তদন্তকারী কর্মকর্তা জনাব সুব্রত ঘোষ গুপ্ত এর প্রতিবেদনের আলোকে জামালপুর জেলার সদর উপজেলার ৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুর রশিদ এর তর্কিত নিয়োগ সংক্রান্তে গত ০৪/০৬/২০২০ খ্রি. তারিখের ১৪৬ নং স্মারকমূলে, গত ১০/০৯/২০২০ খ্রি. তারিখের ৩৪২ নং স্মারকমূলে এবং গত ০৪/০৪/২০২১ খ্রি. তারিখের ১৮৮ নং স্মারকমূলে প্রেরিত কার্যবিবরণী ও প্যানেলসহ অন্যান্য কাগজাদি সাব-রেজিস্ট্রার, সদর, জামালপুর কর্তৃক প্রেরণ না করার অর্থাৎ উক্ত কার্যবিবরণী ও প্যানেলসহ অন্যান্য কাগজাদি জালিয়াতির মাধ্যমে সৃজিত করার বিষয়টি প্রমাণিত হওয়ায় এবং উহা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় জনাব মোহাম্মদ আব্দুর রশিদ এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

স্বা.


(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৪৪.৮০-৩৮৮

তারিখ : ২৩ কার্তিক ১৪৩০
০৮ নভেম্বর ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, জামালপুর (সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বালাম বহি সংগ্রহ করার জন্য, শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত অধিক্ষেত্রের সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৬। সাব-রেজিস্ট্রার, জামালপুর সদর, জামালপুর (শূন্যঘোষিত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনরূপ ছুগিতাদেশ/ নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা না থাকলে বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য এবং কার্যবিবরণী ও প্যানেলসহ অন্যান্য কাগজাদি জালিয়াতির সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ফৌজদারী মামলা দায়েরপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৭। জনাব মোহাম্মদ আব্দুর রশিদ, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন, গ্রাম-ঘোড়াধাপ, ডাকঘর-ঘোড়াধাপ উপজেলা-জামালপুর সদর, জেলা-জামালপুর।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।


(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮